



জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



স্মারক নং- ২৪.০৯.০০০০.০০০.৬০.৪২২.১৯/১৯২২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০১ আগষ্ট ২০১৯ খ্রিষ্টাব্দ


বিজ্ঞপ্তি

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর তালিকাভুক্ত সম্মানিত উদ্যোক্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক আগামী ০৯-১২ অক্টোবর, ২০১৯ সময়ে রাশিয়ার পিটার্সবার্গ এ অনুষ্ঠিতব্য “Fashion Industry International Trade Fair” শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। প্রস্তাবিত মেলাটি ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রণীতব্য ব্যুরোর মেলা তালিকায় অন্তর্ভুক্ত করেছে।

০২। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর রপ্তানি উন্নয়ন ব্যুরো ভর্তুকি (Subsidy) প্রদান করবে।

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পূর্বে কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পেমেন্টের ইপিবি ফেরৎ প্রদান করবে।

০৪। আগ্রহী উদ্যোক্তাগণকে জেডিপিসি অবিলম্বে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মদনুল হক)
পরিচালক (পিএমআই)
ফোন-৯১১৬৭৩১